

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৬৫.২২. ০৪৬

তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি

বিষয়:- ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ে গত ২৫/০৯/২০২৪ তারিখে বরিশাল জেলার প্রকল্পভূক্ত ০৪ টি উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), হিসাব সহকারী ও মাঠ সংগঠকগণের সংগে উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, বরিশালে প্রকল্পের ঋণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নস্বাক্ষরকারীর উপস্থিতিতে উপজেলাওয়ারী খেলাপী ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। প্রদত্ত লক্ষ্যমাত্রা বিপরীতে ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত অগ্রগতি নিম্নরূপ:

ক্র নং	উপজেলার নাম	০১/০৭/২০২৪ তারিখে খেলাপী	ডিসেম্বর, ২৪ পর্যন্ত আদায়ের লক্ষ্যমাত্রা	ডিসেম্বর, ২৪, মাসে খেলাপীর স্থিতি	খেলাপী হ্রাস/বৃদ্ধি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
০১	বাবুগঞ্জ	১০৭.৯২	২০.০০	১১৮.৩১	(+) ১০.৩৯	

২। লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি পর্যালোচনায় তাঁর দায়িত্বাধীন উপজেলায় খেলাপী হ্রাসের পরিবর্তে ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে, যা অত্যন্ত হতাশাজনক। বিতরণকৃত ঋণ যেন খেলাপী ঋণে পরিণত না হয়, সে বিষয়ে প্রকল্প দপ্তর থেকে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে অনুষ্ঠিত অগ্রগতি পর্যালোচনা সভা ও আঞ্চলিক সভায় বিতরণকৃত ঋণ শতভাগ আদায় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। খেলাপী ঋণ হ্রাসের বিষয়ে তাঁর কোনরূপ কার্যকর পদক্ষেপ পরিলক্ষিত হয়নি। এতে প্রতিয়মান হয় যে, তিনি তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক নন।

এমতাবস্থায়, মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ে ব্যর্থতার জন্য কেন তাঁর বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফিলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার সন্তোষজনক জবাব ০৬/০২/২০২৫ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো)
বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল


মো: আবদুস সবুর
উপপ্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি, বরিশাল
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, বাবুগঞ্জ, বরিশাল
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৫. অফিস নথি।